


# ফেসবুকে বিভিন্ন ভাইরাস

মোহাম্মদ জাবেদ মোর্শেদ চৌধুরী

ফেসবুকের জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে অনেক হ্যাকার ও অসাধু ব্যক্তি একে তাদের নিজস্ব স্বার্থে ব্যবহার করছে এমন, অভিযোগ বেশ পুরনো। এ থেকে রেহাই পাওয়ার প্রধান ও একমাত্র উপায় সতর্কতা। ‘কুবফেস’ ফেসবুকের মারাত্মক ভাইরাস। ‘You look awesome in this new movie’– এ ধরনের কোনো কথা যদি ফেসবুক দেয়ালে লেখা আসে, তাহলে তা ক্লিক না করে মুছে দিলেই ভালো। কারণ, ক্লিক করলেই কুবফেস ভাইরাস পিসিতে ঢোকার প্রবেশাধিকার পেয়ে যাবে। এ ভাইরাস আপনার ক্রেডিট কার্ড নম্বর (যখন চাইবে তখন), পাসওয়ার্ড ও অন্যান্য তথ্যকে বিপর্যস্ত করতে সক্ষম।

## কালার চেঞ্জ ভাইরাস

সম্প্রতি ফেসবুক প্রোফাইলে কালার চেঞ্জ নামের ভাইরাসটি ব্যাপক আকারে ছড়িয়ে পড়েছে। সম্প্রতি আপনি কি ফেসবুক প্রোফাইলের রং পরিবর্তন করার কোনো ইনভাইটেশন পেয়েছেন? সাবধান, কালার চেঞ্জ বা রং পরিবর্তন অ্যাপটি একটি ভাইরাস। ইতোমধ্যে বিশ্বজুড়ে ১০ হাজারের বেশি ফেসবুক ব্যবহারকারীকে বোকা বানিয়ে এ ভাইরাসটি আক্রমণ করেছে।

ফেসবুকে প্রোফাইলের রং পরিবর্তনের এই ম্যালওয়্যারটি এর আগেও ছিল। ফেসবুক কর্তৃপক্ষ এই ম্যালওয়্যারটি সরিয়ে ফেললেও আবারও নতুন রূপে এটি ফিরে এসেছে। এই ম্যালওয়্যারটি একটি বিজ্ঞাপনের আকারে ফেসবুক ব্যবহারকারীকে তাতে ক্লিক করতে প্রলুব্ধ করে। এতে বলা হয়, এখন থেকে ফেসবুক ব্যবহারকারীরা তাদের প্রোফাইলের রং পরিবর্তনের সুযোগ পাবেন। এই অ্যাপটি ডাউনলোড করতেও বলা হয়। এই অ্যাপটি ডাউনলোড করতে গেলেই ভাইরাসপূর্ণ একটি সাইটে চলে যাবেন ব্যবহারকারী। এরপর থেকেই শুরু হবে বিপদ। রং পরিবর্তনের বিজ্ঞাপনে ক্লিক করা হলে ফেসবুকে লগইন তথ্য চুরি করে নেয় এই ম্যালওয়্যারটি। এ ছাড়া ব্যবহারকারীদের রং পরিবর্তন করার জন্য একটি টিউটোরিয়াল ভিডিও দেখতে বলে। ফেসবুক ব্যবহারকারীদের বন্ধুদের কাছেও এই ম্যালওয়্যারটি ছড়িয়ে যাওয়ার আশঙ্কা থাকে। বিজ্ঞাপনে ক্লিক করার পর যদি ব্যবহারকারী ভিডিও না দেখেন, তখন ওই ম্যালওয়্যারপূর্ণ সাইটটি জোর করে একটি অ্যাপ্লিকেশন ডাউনলোড করতে বাধ্য করে। এ ছাড়া কমপিউটারে একটি পর্নোগ্রাফিক ভিডিও প্লেয়ার ডাউনলোড করানোর চেষ্টা করে। অ্যান্ড্রয়িডচালিত কোনো পণ্য থেকে এই ভাইরাসটিতে ক্লিক করা হলে তা পণ্যটি ভাইরাসে আক্রান্ত হয়েছে বলে দেখায় এবং এই ভাইরাস দূর করতে একটি অ্যাপ্লিকেশন ডাউনলোডের পরামর্শ দেয়।

বিশেষজ্ঞদের পরামর্শ হলো, এ ধরনের স্প্যামে ক্লিক না করা। যদি এ ধরনের কোনো অ্যাপ্লিকেশন ডাউনলোড করা দেখেন, তবে তা দ্রুত আনইনস্টল করে ফেসবুকের পাসওয়ার্ড পরিবর্তন করুন।

## প্রোফাইল দেখার পরিসংখ্যান

ফেসবুক প্রোফাইল কে কতবার দেখছেন, তা জানানোর জন্য একটি লিঙ্ক হয়তো নিউজ ফিডে নিয়মিতই দেখতে পারেন। কারা কতবার প্রোফাইল দেখছেন, সে তথ্য জানানোর জন্য বিজ্ঞাপন আকারে যে প্রতিশ্রুতি দেয়া হয়, তা সম্পূর্ণ ভুয়া। ফেসবুক এ ধরনের কোনো জিনিস অনুমোদন করে না। এ ধরনের কোনো লিঙ্ক দেখলে সতর্ক হতে হবে এবং কখনই ক্লিক করা উচিত নয়।

## রিহানা সেক্স টেপ

রিহানাকে নিয়ে ফেসবুকে অসংখ্য স্ক্যাম রয়েছে। নতুন ও পুরনো অনেক স্ক্যাম লিঙ্ক আপনাকে বোকা বানাতে পারে। মনে রাখবেন, ফেসবুকে রিহানার সেক্স ভিডিও নিয়ে যত লিঙ্ক পাবেন সব ভুয়া। তাই এতে কখনই ক্লিক করবেন না।

## বিনামূল্যে ফেসবুকের টি-শার্ট

বিনামূল্যে ফেসবুকের টি-শার্ট বা অন্য কোনো উপহার সামগ্রী দেয়ার লোভ দেখিয়ে আপনাকে কোনো লিঙ্কে ক্লিক করতে বলা হলে তা থেকে বিরত থাকবেন।

## প্রোফাইল কে কে দেখেছেন

আপনার প্রোফাইল আজ কে কে দেখলেন, তা জানার আগ্রহ থাকতে পারে। এই আগ্রহকে কাজে লাগাতে তৎপর সাইবার দুর্বৃত্তরা। দুঃখের বিষয়, প্রোফাইল কে দেখছেন, সে সুবিধা রাখেনি ফেসবুক কর্তৃপক্ষ। তাই হু ভিউড ইয়োর প্রোফাইল লিঙ্কে ক্লিক করবেন না।

## কখনও তারকা গুজব পোস্টে ক্লিক নয়

ফেসবুকে তারকাদের নিয়ে বা সমসাময়িক বিভিন্ন ঘটনা-সংশ্লিষ্ট গুজব নিয়ে চটকদার খবরের পোস্ট পাওয়া যায়। অনেক সময় এ ধরনের খবরকে ‘ব্রেকিং নিউজ’, ‘গোপন খবর’, ‘গোমর ফাঁস’ ‘তথ্য ফাঁস’ ‘আড়ালের খবর’ ইত্যাদি নামে পরিবেশন করা হয়।

## ব্রেকিং নিউজ

ব্রেকিং নিউজ হিসেবে ফেসবুকে অনেক ক্ষেত্রে ভুয়া ও ম্যালওয়্যারভর্তি খবর প্রকাশ করে দুর্বৃত্তরা। ইন্টারনেট নিরাপত্তা বিশ্লেষকদের পরামর্শ, কোনো বিষয়ে তথ্য জানতে গুগলে সার্চ করে দেখা ভালো। ফেসবুকের পোস্ট করা লিঙ্কে ক্লিক করলে তাতে ম্যালওয়্যার আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি থাকে।

## ভুয়া নিউজ সাইটের লিঙ্ক

ফেসবুকে অজানা-অচেনা উৎস থেকে নানা গুজব, চটকদার খবর প্রকাশ করা হয়। খবরের যে উৎসগুলো আপনার পরিচিত নয়, সে সাইটগুলোর খবরে ক্লিক করলে ম্যালওয়্যার আক্রমণের ঝুঁকি থাকে। আসল খবরের আদলে সাইবার দুর্বৃত্তরা ফেসবুকে ভুয়া নিউজের লিঙ্ক পোস্ট করে তাদের উদ্দেশ্য সফল করে।

## ফেসবুকের গিফট কার্ড

আপনি ফেসবুকে লটারি জিতেছেন বা কোনো উপহার জিতেছেন বলে টাইমলাইনে পোস্ট দেখাতে পারেন। বিনামূল্যে উপহারের নমুনা দেখিয়ে সে লিঙ্কটিতে ব্যবহারকারীকে ক্লিক করতে আকৃষ্ট করে দুর্বৃত্তরা। বর্তমানে ফেসবুকের দ্রুত ছড়িয়ে পড়া স্ক্যামগুলোর একটি এই গিফট কার্ড স্ক্যাম। এ ধরনের লিঙ্কে ক্লিক করলে ব্যক্তিগত তথ্য চাওয়া হয়। এসব তথ্য দেয়া হলেও কোনো উপহার পাওয়া যায় না, বরং কমপিউটারে ম্যালওয়্যার ডাউনলোড হওয়ার ঝুঁকি থাকে।

## ব্র্যান্ড নিউ আইফোন কিংবা আইপ্যাড জিতে নিন

প্রায়ই ফেসবুকে বিভিন্ন পেজে বলা হয়, সম্পূর্ণ নতুন কিছু আইফোন কিংবা আইপ্যাড সম্পূর্ণ বিনামূল্যে দেয়া হবে। আর এজন্য তাদের পেজে লাইক কিংবা পোস্ট শেয়ার করতে বলা হয়। তবে সম্পূর্ণ ভুয়া এই ধরনের ফাঁদে পা না দেয়াই ভালো।

## দেখুন আপনার কোনো বন্ধু আপনাকে তালিকা থেকে রিমুভ করেছে

অনেক সময় এই ধরনের কিছু অ্যাপ পাওয়া যায়, যেখানে বলা হয়– ফেসবুকে আপনার বন্ধু আপনাকে তার তালিকা থেকে রিমুভ করেছে কি না, তা দেখুন। তবে এ ধরনের কোনো কার্যকর প্লাগইন কিংবা ওয়েবসাইট নেই।

## আপনার প্রোফাইল সবচেয়ে বেশি ভিজিট করা ১০ জন

এটি একটি সম্পূর্ণ অকার্যকর অ্যাপ। এটি দেখার কোনো সুযোগ ফেসবুকে নেই। সবাইকে এ ধরনের প্রলুব্ধকারী বা লোভনীয় অ্যাপস বা লিঙ্কের ব্যাপারে সতর্ক থাকতে হবে। অন্যথায় যেকোনো সময় আপনার ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক হয়ে যেতে পারে বা আপনার ব্যবহৃত কমপিউটারটি ভাইরাসে আক্রান্ত হতে পারে কজ

*ফিডব্যাক : jabedmorshed@yahoo.com*